

# সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৭৬৬

৮/ সাওম (রোজা) (ﷺ) সোওম (বোজা)

পরিচ্ছেদঃ একাধারে সাওম পালন করা।

باب مَا جَاءَ فِي سَرْدِ الصَّوْمِ

### আরবী

حَدَّثَنَا قُتَيْبَةُ، حَدَّثَنَا حَمَّادُ بْنُ زَيْدٍ، عَنْ أَيُّوبَ، عَنْ عَبْدِ اللَّهِ بْنِ شَقِيقٍ، قَالَ سَأَلْتُ عَائِشَةَ عَنْ صِيَامِ النَّبِيّ، صلى الله عليه وسلم قَالَتْ كَانَ يَصنُومُ حَتَّى نَقُولَ قَدْ صَامَ وَيُفْطِرُ عَنَّى نَقُولَ قَدْ طَامَ وَيُفْطِرُ حَتَّى نَقُولَ قَدْ أَفْطَرَ. قَالَتْ وَمَا صَامَ رَسُولُ اللَّهُ صلى الله عليه وسلم شَهْرًا كَامِلاً إِلاَّ رَمَضَانَ. وَفِي الْبَابِ عَنْ أَنسٍ وَابْنِ عَبَّاسٍ. قَالَ أَبُو عِيسَى حَدِيثُ عَائِشَةَ حَدِيثُ حَسَنٌ صَحِيحٌ.

#### বাংলা

৭৬৬. কুতায়বা (রহঃ) ...... আবদুল্লাহ ইবনু শাকীক (রহঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আমি আয়িশা (রাঃ) কে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সাওম সম্পর্কে জিজ্ঞাসা করেছিলাম। তিনি বললেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এই ভাবে সাওম পালন করতেন যে এমনকি আমরা বলতাম, তিনি তো সাওম পালন করে যাচ্ছেন। আবার সাওম পালন থেকে যখন বিরত থাকতেন তখন আমরা বলতে থাকতাম তিনি বুঝি আর সাওম পালন করবেনই না। রামাযান ছাড়া রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আর কোন (পূর্ণ) মাসেই সাওম পালন করেনিন। - ইবনু মাজাহ ১৭১০, বুখারি ও মুসলিম, তিরমিজী হাদিস নম্বরঃ ৭৬৮ [আল মাদানী প্রকাশনী]

এই বিষয়ে আনাস ও ইবনু আব্বাস (রাঃ) থেকে হাদীস বর্ণিত আছে। ইমাম আবূ ঈসা (রহঃ) বলেন, আয়িশা (রাঃ) বর্ণিত এই হাদীসটি হাসান-সহীহ।

### **English**

Abdullah bin Shaqiq narrated:

"I asked Aishah about the Prophet's fasting.' She said: 'He would fast until we said: "He has fasted" and he would abstain from fasting until we said: "He has abstained from fasting." (She said:) 'The Messenger of Allah did not



## fast an entire month except Ramadan.'"

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ বিন শাকীক আল উকাইলী (রহ,)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন